দৈনিক সংবাদ

তারিখ 04 JUL 1996
পৃষ্ঠা ২ কলাম ৫

# গার্মেন্টসত্যাগী শিশুদের জন্য ১০৭টি স্কুল

বাংলাদেশে, গার্মেন্টস শিল্পে শিশুশ্রম নিষিদ্ধকরণ বিষয়ক সমঝোতা চুক্তি স্বাক্ষরের পর এ শিশুদের শিক্ষাদানের উদ্দেশ্যে এ পর্যন্ত ১০৭টি স্কুল প্রতিষ্ঠিত হয়েছে, সেখানে ছাত্রছাত্রীর সংখ্যা বর্তমানে ১ হাজার ৫শ' ৭৮ জন।

আজ বৃহস্পতিবার সমঝোতা চুক্তি স্বাক্ষরের প্রথম বার্ষিকী। গত বছর এদিনে গার্মেন্টস ফ্যাক্টরিতে যাতে ১৪ বছরের নিচে শিশুরা কাজ না করে সে ব্যাপারে বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানিকারক সমিতি (বিজিএমইএ), আন্তর্জাতিক শ্রম সংস্থা (আইএলও) এবং ইউনিসেফের মধ্যে এ চুক্তি স্বাক্ষরিত হয়।

চুক্তির শর্ত অনুযায়ী ঢাকা, নারায়ণগঞ্জ ও চট্টগ্রামে ইউনিসেফের উদ্যোগে এ স্কুলগুলো প্রতিষ্ঠিত হয়েছে। এ স্কুলগুলি বাংলাদেশের দু'টি প্রতিষ্ঠিত এনজিও'র উদ্যোগে পরিচালিত হচ্ছে।